

## গৌরনদীতে প্রাথমিক বিদ্যালয়ের ছাদ ধসে ২ শিক্ষকসহ ১৫ শিক্ষার্থী আহত

॥ গৌরনদী (বরিশাল) সংবাদদাতা ॥

বরিশালের গৌরনদী উপজেলার  
গেরাকুল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের  
ছাদের ভীম ধসে গতকাল শনিবার  
সকালে দুই শিক্ষকসহ ১৫ জন শিক্ষার্থী  
আহত হয়েছে। গুরুতর আহতদের  
গৌরনদী হাসপাতালে উত্তীর্ণ করা হয়।

প্রত্যক্ষদর্শী ও আহিত সূত্রে জানা  
গেছে, ঐদিন সকাল সাড়ে নয়টার  
সময় বিদ্যালয়ের চতুর্থ ও পঞ্চম শ্রেণীর  
ক্লাস রুমে কোটিং চলাকালীন প্রথমে  
চতুর্থ শ্রেণীর ক্লাস রুমের ছাদের ভীম  
ধসে পড়ে। এ সময় উপস্থিত সহকারী  
শিক্ষক মোকলেচুর রহমানসহ শিক্ষার্থী  
খাদিজা আক্তার (১০), ফাতেমা (১১),  
কুলসুম (১০), রিমা (১০), মুক্তা (১১)  
আহত হয়। মুহূর্তের মধ্যে পাশ্ববর্তী  
পঞ্চম শ্রেণীর কাজী নজরুল ইসলাম  
কক্ষে একইভাবে ছাদের ভীম ধসে  
পড়ে। এতে শিক্ষক অমূল্য রতন  
বাউসহ শিক্ষার্থী সাকিব (১০) ও বিথী  
(১১) আহত হয়। একই বিদ্যালয়ের  
দু'টি ক্লাস রুমের ছাদের ভীম ধসে  
শিক্ষকসহ শিক্ষার্থীদের আহত হওয়ার  
খবর মুহূর্তের মধ্যে ছড়িয়ে পড়লে  
পুরো স্কুল ও এলাকার মধ্যে আতঙ্কের  
সৃষ্টি হয়। বিদ্যালয়ে উপস্থিত  
কোমলমতি শিক্ষার্থীরা এ সময়  
দিগবিদিক ছোটাছুটি শুরু করে।  
শিক্ষার্থীদের অভিভাবকরা দ্রুত স্কুলে  
ছুটে আসেন। এ ঘটনার পর ম্যানেজিং  
কমিটির সদস্যরা ঐ ক্লাস রুম দু'টিতে  
পাঠদান বন্ধ রাখার ঘোষণা দেন।

গেরাকুল সরকারি প্রাথমিক  
বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্য  
গোলাম হেলাল মিয়া, শরীফ মোঃ  
জামাল ও জি.এম. আলাউদ্দিন ঘরাসী  
জানান, গত ১৯৯৪-৯৫ অর্থবছরের  
বাজেটে স্কুল ভবনটি নির্মাণ করা হয়।  
তৎকালীন সময় ঠিকাদার হিসেবে স্কুল  
ভবনের নির্মাণ কাজ সম্পন্ন করেন মোঃ  
মিজামুর রহমান খান মুকুল। তারা  
আরো জানান, স্কুল ভবন নির্মাণের  
সময় কাজের গুণগতমান খারাপ  
হওয়ায় গত সিডরে স্কুলটির ছাদসহ  
বিভিন্ন অংশ ফাটল ধরে। স্কুলটি  
ঝুঁকিপূর্ণ হওয়ায় একাধিকবার ম্যানেজিং  
কমিটি রেজুলেশন করে স্কুলের ভবনটি  
পুনর্নির্মাণের জন্য উপজেলা প্রকৌশলী  
দপ্তর ও শিক্ষা অফিসে আবেদন  
করেছেন।

স্কুলের প্রধান শিক্ষিকা নাছিমা  
খানম জানান, সশ্রুতি উপজেলা  
এলজিইডির প্রকৌশলী আবুল মুনসুর  
মিয়া সরেজমিনে স্কুল ভবনটি পরিদর্শন  
করে স্কুল ভবনটি ঝুঁকিপূর্ণ বলে  
জানান। তবে তা কাগজ-কলমের  
মধ্যেই সীমাবদ্ধ রয়েছে। এলজিইডির  
উপজেলা প্রকৌশলী আবুল মুনসুর মিয়া  
জানান, গেরাকুল সরকারি প্রাথমিক  
বিদ্যালয়কে ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত  
করে স্কুল ভবনটি পুনর্নির্মাণের জন্য  
ইতিমধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কাছে  
আবেদন করা হয়েছে। স্থানীয়রা  
দ্রুতভাবে স্কুল ভবনটি পুনর্নির্মাণের  
জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর  
হস্তক্ষেপ কামনা করছেন।